

বাংলাদেশ সোসাইটি

- পূজা ও সংস্কৃতি

ABN: 45 046 931 292



Bangladesh Society for Puja & Culture Inc.

Registration No. Y2452822

Working together for our Culture and Values
PO Box 1151, Ashfield NSW 1800, Australia

President
Dr. Narayan Das
02 9683 7937

General Secretary
Dr. Swapan Paul
02 9863 7377

Treasurer
Mr. Sandip Guha
02 9831 6102

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সোসাইটি - পূজা ও সংস্কৃতি'র বার্ষিক সাধারণ সভা ও কার্যকরী পরিষদ
'০৫-'০৬ এর নির্বাচন অনুষ্ঠিত

বিপুল উৎসাহ উদ্দীপনা ও এক আনন্দধন পরিবেশের মধ্য দিয়ে গত ২৫শে জুন ২০০৫ স্থানীয় সেইন্ট অস্ট্রেলিয়া প্যারিস হলে অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতির বার্ষিক সাধারণ সভা ও কার্যকরী পরিষদ ২০০৫-০৬ এর নির্বাচন। সভায় সভাপতির আসন অলংকৃত করেন সংগঠনের সভাপতি ড: নারায়ণ দাস এবং অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সহ সাধারণ সম্পাদক শ্রী লিটু পোদ্দার। মধ্যাহ্ন ভোজনের পরপর দুপুর ২টা থেকে শুরু হয়ে রাত ৮টা অবধি এ অনুষ্ঠানে সংগঠনের সদস্য-সদস্যাগন তাঁদের পরিবার পরিজনসহ অংশগ্রহণ করেন।

সভার শুরুতে সংগঠনের সহ সাধারণ সম্পাদক ৬ জন নতুন সদস্য-সদস্যার সাথে সকলের পরিচয় করিয়ে দেন। পরিচয় পর্ব শেষে অনুষ্ঠিত হয় কিছুদিন পূর্বে হয়ে যাওয়া রাবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তাতে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী। মন্দির বিষয়ক প্রতিবেদনের পর পরই বিগত কার্যকরী পরিষদের বিস্তারিত কর্মকাণ্ড বর্ণনা করে সহ সাধারণ সম্পাদক শ্রী লিটু পোদ্দার তাঁর দীর্ঘ রিপোর্টে বেশ কিছু গঠনমূলক সুপারিশ পেশ করেন। তাঁর রিপোর্ট ও সুপারিশমালার উপর আলোচনায় বিপুল সংখ্যক সদস্য-সদস্যার অংশগ্রহণে অনুষ্ঠানে এক প্রানবস্ত পরিবেশের সৃষ্টি হয়। সংগঠনের কোষাধক্ষ ড: নীলিমা পাল গত আর্থিক বছরের আয় ব্যয়ের উপর রিপোর্ট পেশ করেন। কোষাধক্ষার রিপোর্টের পরপরই মন্দির বিষয়ক, কমিউনিটি স্কুল, সোসাইটির অন্যান্য কর্মকাণ্ডসহ তথ্যবহুল আলোচনায় অংশ নেন সংগঠনের বেশ কিছু সদস্য-সদস্য। সভাপতি ড: নারায়ণ দাস তাঁর লক্ষ অভিজ্ঞতার আলোকে সোসাইটির অতীত, বর্তমান ও ভবিষ্যতের উপর এক বিশ্লেষণধর্মী ও গঠনমূলক বক্তব্য উপস্থাপন করে সকল সদস্য-সদস্যাদেরকে নিঃস্বার্থ ভাবে কাজ করে সংগঠনকে
গড়ে তুলতে অনুরোধ করেন।

সাধারণ সভার শেষপর্বে ছিল সর্বাকাংখ্যত ২০০৫-২০০৬ সালের কার্যকরী পরিষদের নির্বাচন। নির্বাচন কর্মশালার ডঃ রেনু বালা দেব-এর সুদক্ষ পরিচালনায় অনুষ্ঠিত নির্বাচনে বর্তমান অর্থবছরের জন্য সভাপতি পদে ড: নারায়ণ দাস এবং সাধারণ সম্পাদক পদে ডঃ সুপ্রিয় পাল সহ ১১ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ গঠিত হয়। নতুন কার্যকরী পরিষদের অন্যান্য সদস্য-সদস্যারা হলেন-

সহ সভাপতি: শ্রী নির্মল চৌধুরী

সহ সাধারণ সম্পাদক: শ্রী অপু সাহা

কোষাধক্ষ: শ্রী সন্দীপ গুহ

সংস্কৃতিক সম্পাদক: শ্রী লিটু পোদ্দার

জনসংযোগ সম্পাদক: ড: প্রবীর দাস

সদস্য: শ্রীমতি শ্যামলী লোথ

শ্রী আশুতোষ বাড়ে

শ্রী হারান সরকার

শ্রী দেবাশীষ দত্ত

নির্বাচন পরিচালনায় নির্বাচন কর্মশালার ডঃ রেনু বালা দেবকে সহায়তা করেন শ্রী পরমেশ ভট্টাচার্য ও শ্রী উৎপল সাহা। নির্বাচন শেষে নতুন কার্যকরী পরিষদের পক্ষে নব নির্বাচিত সভাপতি ড: নারায়ণ দাস তাঁর শুভেচ্ছা বক্তব্যে সকলের সহযোগিতা কামনা করেন।